

বাউবির বিএ/বিএসএস পরীক্ষা শুরু ৩ নভেম্বর

নিজস্ব প্রতিবেদক



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
 (বাউবি) পরিচালিত বিএ এবং
 বিএসএস পরীক্ষা-২০২১ আগামী
 ৩ নভেম্বর ২০২৩ শুক্রবার থেকে
 দেশব্যাপী একযোগে শুরু হতে
 যাচ্ছে। সারাদেশে জেলা উপজেলা
 পর্যায়ের সরকারি বে-সরকারি
 কলেজে ৩২৫টি কেন্দ্রে এই
 পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম
 ও ষষ্ঠ সেমিস্টারে মোট ৩ লক্ষ ১২
 হাজার ৩শত ৭৬ জন পরীক্ষার্থী
 অংশগ্রহণ করবেন। পুরুষ

পরীক্ষার্থী ১ লক্ষ ৭৮ হাজার ৪ শত

৮০ জন এবং নারী ১ লক্ষ ৩৩

হাজার ৮ শত ৯৬ জন।

প্রতিবারের মতো এবারও,
প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত
পরিবেশে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ
পরীক্ষা গ্রহণের ব্যবস্থা গ্রহণ
করবে। এছাড়াও বাউবি থেকে
ভিজিল্যান্স টিম বিভিন্ন পরীক্ষা
কেন্দ্রে প্রেরণ করা হবে। বিস্তারিত
বাউবির ওয়েবসাইট
www.bou.ac.bd থেকে জানা যাবে।